



মোঃ মাকরুজ্জামান  
উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েবসাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)



## “সংবাদ বিজ্ঞপ্তি”

# “দেশের বৃহৎ দুই মেগা প্রকল্প- রামপাল পাওয়ার প্লান্ট ও রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের মালামাল মোংলা বন্দরে পৌঁছেছে”

ইন্দোনেশিয়া থেকে প্রথমবারের মতো রামপাল বিদ্যুৎকেন্দ্রের জ্বালানির কয়লা এসেছে। বাংলাদেশের পতাকাবাহী জাহাজ ‘এম ভি আকিজ হেরিটেজ’ করে ইন্দোনেশিয়া থেকে এই কয়লা আমদানি করা হয়। ইন্দোনেশিয়ার ৫৪,৬৫০ মেট্রিক টন কয়লা নিয়ে আকিজ হেরিটেজ জাহাজটি মোংলা বন্দরের উদ্দেশ্যে ছেড়ে আসে। সেখান থেকে ১৮ হাজার ৬৫০ মেট্রিক টন কয়লা চট্টগ্রাম বন্দরে খালাস করে তিনটি লাইটার জাহাজে ওঠানো হয়। বাকি ৩৬ হাজার মেট্রিক টন কয়লা নিয়ে আকিজ হেরিটেজ ০৫ আগস্ট, ২০২২ তারিখে শূক্রবার সন্ধ্যায় মোংলা বন্দরের হারবাড়িয়া-১১ নম্বর বয়ায় অবস্থান করে।

একইদিনে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর পর রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য ২য় চালান নিয়ে লাইবেরিয়ান পতাকাবাহী জাহাজ এম.ভি ডাগন বল ৫৬০১ মেট্রিক টন কার্গো নিয়ে মোংলা বন্দরের হারবারিয়ার ৭ নং বয়ায় নোঙ্গরে করে।

মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, “প্রথমবারের মত রামপাল পাওয়ার প্লান্টের জ্বালানি কয়লা আমদানি হলো। দেশের বৃহৎ দুটি মেগা প্রকল্প রামপাল পাওয়ার প্লান্ট ও রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের মালামাল মোংলা বন্দরের মাধ্যমে আগমনের ফলে দেশের একটি নবযুগের সূচনার সাক্ষী হয়ে থাকবে মোংলা বন্দর।

স্বাক্ষরিত/-

উপসচিব